

রেজিস্টার্ড নং ডি এ-১

বাংলাদেশ



গেজেট

অতিরিক্ত সংখ্যা

কর্তৃপক্ষ কর্তৃক প্রকাশিত

মঙ্গলবার, মার্চ ১৯, ২০১৯

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয়
শ্রম শাখা
প্রজ্ঞাপন

তারিখ : ১২ ফাল্গুন ১৪২৫/২৫ ফেব্রুয়ারি ২০১৯

নং ৪০.০০.০০০০.০৪২.২৫.০০১.১৮-৪৫—বাংলাদেশ শ্রম আইন, ২০০৬ এর ৩৪৮ ধারায় প্রদত্ত ক্ষমতাবলে আইনের উপর প্রশিক্ষণ কোর্স পরিচালনার জন্য ঢাকা লজিস্টিক সার্ভিসেস এন্ড সলিউশন, এইচ#২৯৫, আর#১৯/বি, ডিওএইচএস, মহাখালী ঢাকা-১২১৬ কে নিম্নোক্ত শর্ত সাপেক্ষে 'উপযুক্ত কর্তৃপক্ষ' হিসেবে নির্দেশক্রমে অনুমোদন প্রদান করা হলো :

- (ক) প্রশিক্ষণ কক্ষের সংখ্যা বৃদ্ধি করতে হবে এবং পর্যায়ক্রমে নিজস্ব স্থাপনা তৈরি করতে হবে।
- (খ) প্রশিক্ষণ কোর্স পরিচালনার নিমিত্ত ব্যয় নির্বাহের জন্য সরকারের নিকট কোন অর্থ বরাদ্দ চাওয়া যাবে না। এক্ষেত্রে প্রশিক্ষণ ব্যয় নির্বাহের জন্য সরকার কর্তৃক নির্ধারিত হারে কারখানা/প্রতিষ্ঠান হতে ফি গ্রহণের মাধ্যমে কোর্স পরিচালনা করতে পারবে।
- (গ) শ্রম ও কর্মসংস্থান মন্ত্রণালয় হতে প্রশিক্ষণ মডিউলের অনুমোদন গ্রহণ করতে হবে।
- (ঘ) এ বিষয়ে 'বাংলাদেশ শ্রম আইন, ২০০৬'-এর সকল বিধানাবলি প্রতিপালন করতে হবে।

রাষ্ট্রপতির আদেশক্রমে

ফারহানা ইসলাম
উপসচিব।

মোঃ তারিকুল ইসলাম খান, উপপরিচালক, বাংলাদেশ সরকারী মুদ্রণালয়, তেজগাঁও, ঢাকা কর্তৃক মুদ্রিত।

মোঃ আব্দুল মালেক, উপপরিচালক, বাংলাদেশ ফরম ও প্রকাশনা অফিস, তেজগাঁও,
ঢাকা কর্তৃক প্রকাশিত। website: www.bgpress.gov.bd

(১২৩৪১)

মূল্য : টাকা ৪.০০